# সবসময় কানেক্টেড
# মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট

মোবাইল ইন্টারনেট দক্ষতা প্রশিক্ষণ টুলকিট
মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতায় প্রশিক্ষণের জন্য একটি নির্দেশিকা



স্বত্বাধিকার © 2018 GSM Association


# মডিউল 5
# Wikip

# 5 -
# edia

# গভীরে প্রশিক্ষণ


## শেখার উদ্দেশ্য

- প্রশিক্ষনার্থীরা জানেন যে বিনামূল্যে জ্ঞান ও তথ্য পাওয়ার জন্য কীভাবে Wikipedia ব্যবহার করতে হয়।
- প্রশিক্ষনার্থীরা বোঝেন যে পুরো বিশ্ব জুড়ে মানুষরা Wikipedia তৈরি করেছেন এবং নতুন জিনিস শেখার জন্য এটিকে ব্যবহার করার বিষয়ে উত্তেজিত অনুভব করেন।





**সময় সীমা:**
45-60 মিনিট

## আপনার যে সব জিনিস প্রয়োজন হবে:




কাগজ, কলম ও আঠালো টেপ




স্মার্টফোন হ্যান্ডসেট




ছোট পুরস্কার




Wikipedia পোস্টার x 1




শব্দকোষ হ্যান্ডআউট




খরচের পোস্টার




সুরক্ষা সংক্রান্ত পরামর্শ




আইকন কাট-আউট

# Wikipedia এর সাথে পরিচয়

WIKIPEDIA
The Free Encyclopedia

**প্রশিক্ষনার্থীদের Wikipedia লোগো কাট-আউট দেখান।**

**জিজ্ঞাসা করুন** কেউ কি জানে Wikipedia কী? এটা কিসের জন্য ব্যবহার করা হয়?

**ব্যাখ্যা করুন** যে প্রশিক্ষনার্থীরা Google-এর মাধ্যমে সন্ধান করে Wikipedia অ্যাক্সেস করতে পারেন। তাদের Google খুলতে বলুন এবং 'Wikipedia' সন্ধান করতে বলুন।

### Wikipedia-র একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা দিন

- "Wikipedia হল বিনামূল্যের একটি ইন্টারনেট সূত্র (বা বিশ্বকোষ), যা শিক্ষামূলক বিষয়গুলি সম্পর্কে নিরপেক্ষ, বাস্তব তথ্য প্রদান করে।"
- "Wikipedia একটি ওয়েবসাইট। আপনি যখন Google সন্ধান করেন তখন প্রায়ই এটাই প্রথম সাইট হিসেবে দেখা যায়, অথবা আপনি যে শব্দগুলি সন্ধান করছেন তার সঙ্গে "wiki" শব্দটি টাইপ করতে পারেন।
- "Wikipedia পুরো বিশ্ব জুড়ে সাধারণ মানুষদের দ্বারা লিখিত। মানুষরা প্রতি ঘণ্টায় সাইটে পরিবর্তন করেন। আপনি প্রতিটি পাতার নিচে, যেখানে তথ্যের উৎসগুলির তালিকা দেওয়া আছে, তা দেখে নিশ্চিত হতে পারেন যে আপনার পাওয়া তথ্য নির্ভরযোগ্য।

**মনে রাখবেন:** ইন্টারনেট কিভাবে আপনার প্রশিক্ষনার্থীদের জীবনে সহায়ক হতে পারে তার সাথে, প্রশিক্ষণে আলোচনা ও কার্যধারাগুলির সাথে সংযোগ স্থাপন করুন। এটি আপনাকে প্রশিক্ষণটিকে তাদের জন্য প্রাসঙ্গিক ও আগ্রহজনক করে তুলতে সহায়তা করবে।

### জীবনে এর সুবিধাগুলিকে নিয়ে আসুন!

- **Wikipedia** আপনার জন্য (প্রশিক্ষক), আপনার বন্ধু ও পরিবারের জন্য কীভাবে সহায়ক সেই বিষয়ে আপনার নিজের গল্প বলুন। উদাহরণ স্বরূপ, আপনি একটি শিশুকে তার হোমওয়ার্কে সাহায্য করার জন্য, ভুগোল বা বিজ্ঞান সম্পর্কে কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য এটিকে ব্যবহার করতে পারেন। অন্যান্য সুনির্দিষ্ট উদাহরণ।
- প্রশিক্ষনার্থীদের বলুন তারা যে বিষয়গুলিতে সবচেয়ে বেশি আগ্রহী তা শেয়ার করতে। উত্তরগুলি হতে পারে কোনো খেলার দল বা গেম, পপ সংস্কৃতি সংক্রান্ত কোনো আগ্রহ বা সাম্প্রতিক ঘটনা।


### Wikipedia-কে আপনার প্রশিক্ষনার্থীদের কাছে প্রাসঙ্গিক করে তুলুন।

- প্রশিক্ষনার্থীদের সঙ্গে আলোচনা করুন যে Wikipedia কীভাবে তাদের নিজের জীবনে উপকার করতে পারে।
- **জিজ্ঞাসা করুন** "আপনি Wikipedia ব্যবহার করে কোন প্রশ্নগুলির উত্তর দিতে চাইবেন?" তাদের আগ্রহের উপর ভিত্তি করে তাদেরকে কিছু পরামর্শ দিন।
- খেলাধূলা (যেমন অলিম্পিক গেমস, বিশ্বকাপ)
- পপ সংস্কৃতি (যেমন সঙ্গীত)
- ইতিহাস (যেমন আফ্রিকা)
- অন্য দেশ সম্পর্কে জানুন (যেমন যুক্তরাষ্ট্র)
- বিজ্ঞান (যেমন সূর্য গ্রহণ)

# কার্যক্রম: Wikipedia-এর মৌলিক ব্যবহার


**বাস্তব ব্যবহার!**

**ব্যাখ্যা করুন** "এখন আমরা ফোনে Wikipedia ব্যবহার করতে চেষ্টা করব!"




## 'Wikipedia কিভাবে ব্যবহার করতে হয়' পোস্টারটি দেখান

- **ব্যাখ্যা করুন** "এই পোস্টারটি তথ্য সন্ধান করার জন্য Wikipedia ব্যবহার করার ধাপগুলি দেখায়।"
- আপনার প্রশিক্ষনার্থীদের তাদের ফোনে ধাপগুলি দেখান এবং তাদের প্রিয় সঙ্গীতশিল্পীকে খোঁজার জন্য একটা সহজ সন্ধান করুন।




- আপনার প্রশিক্ষনার্থীরা যা দেখছেন তা **ব্যাখ্যা করুন:**
- প্রতিটি পাতা শুরু হয় আপনি যা সন্ধান করেছেন তার একটা সারসংক্ষেপ দিয়ে।
- আপনি পাতা বরাবর নিচে পড়তে থাকার সাথে সাথে আরো বিশদ তথ্য আবিষ্কার করবেন, যার অন্তর্ভুক্ত হল ইতিহাস, রাজনীতি বা সংযুক্ত অন্যান্য ব্যক্তি।
- প্রতিটি তথ্যের শেষে একটি সংখ্যা আছে। এটা পাতার নিচে একটি "তথ্যসূত্রের" সংখ্যার সঙ্গে মেলে, এখান থেকেই তথ্যটি এসেছিল।

**জিজ্ঞাসা করুন** "আপনি এখানে যা দেখতে পাচ্ছেন তা নিয়ে কি আপনার কোন প্রশ্ন আছে?"

## প্রশিক্ষনার্থীদের দেখান কীভাবে বিষয়গুলি সম্পর্কে আরো বেশি জানা যায়:

- **ব্যাখ্যা করুন** "Wikipediaবিষয় অনুযায়ী সাজানো। আপনার প্রিয় সঙ্গীতশিল্পী সম্পর্কে একটা পেজ আছে, কিন্তু আপনার দেশের সঙ্গীত সম্পর্কে এবং আফ্রিকান সঙ্গীত সম্পর্কেও আরেকটি পেজ আছে।
- "যে কোন Wikipedia পেজ থেকেই আপনি সরাসরি অন্য পেজে যেতে পারেন কারণ সব নীল শব্দগুলোই হল লিংক।"
- "একটি নীল শব্দে ক্লিক করলে আপনি অন্য একটি Wikipedia পেজে চলে যাবেন, যেখানে শব্দটি সম্পর্কে আরো তথ্য আছে।"
- আপনার প্রশিক্ষনার্থীদের **বলুন** পেজে আফ্রোপপ (Afropop) সম্পর্কে যে কোনো শব্দে ক্লিক করতে এবং তারপরে তারা যা খুঁজে পেলেন তা শেয়ার করতে।।

# কার্যক্রম: তথ্য যাচাই করা

- **Wikipedia কিভাবে তাদের জীবনে সহায়তা করতে পারে তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে আলোচনা করুন।**

**ব্যাখ্যা করুন** "Wikipedia পুরো বিশ্ব জুড়ে সাধারণ মানুষদের দ্বারা লিখিত। যে কেউ কোনো প্রবন্ধকে সংশোধন করতে বা তথ্য যোগ করতে পারে। Wikipedia সম্পাদনকারী যে কোনো মানুষকে ব্যাখ্যা করতে হয় যে তথ্যটি কোথা থেকে এসেছিল। তাই আপনি নিজেই যাচাই করে দেখতে পারেন যে আপনি যা পড়েছেন তা সত্য।"

প্রশিক্ষনার্থীদের **বলুন** তাদের দেশের Wikipedia পাতাটি সন্ধান করতে এবং তারপরে স্ক্রোল করে নিচে নেমে পাতার নিচের তথ্যসূত্রগুলিতে যেতে।

# কার্যক্রম: ব্যক্তিগত সন্ধানগুলি

- **আপনার প্রশিক্ষনার্থীদের বলুন Wikipedia-এর ভিতরে নিচের বিষয়গুলি সম্পর্কে তথ্য সন্ধান করতে:**
- সার্চ বারে আপনার দেশ টাইপ করুন।
- সার্চ বারে সবচেয়ে কাছের বড় শহরের নাম টাইপ করুন।
- প্রশিক্ষনার্থীদের বলুন সার্চ বক্সে এমন একটি বিষয় টাইপ করতে যা তাদের আগ্রহের সাথে প্রাসঙ্গিক (যেমন খেলোয়াড়, শখ, পেশা)।

**পরামর্শ:** তাদের আগ্রহের আরো তথ্য খুঁজে পাওয়ার জন্য আপনার প্রশিক্ষনার্থীদের প্রতিটি প্রবন্ধে নীল রঙের শব্দগুলি ক্লিক করতে উৎসাহিত করুন।

- **Wikipedia অনেকগুলি ভাষায় উপলব্ধ।**

**ব্যাখ্যা করুন** "Wikipedia প্রায় 300 টি ভাষায় উপলব্ধ। প্রতিটি এমন মানুষদের দ্বারা লিখিত যারা সেই ভাষায় কথা বলেন, তাই কিছু Wikipedia-তে অন্যগুলির চেয়ে বেশি প্রবন্ধ আছে। উদাহরণস্বরূপ, ফরাসি Wikipedia-তে 2 মিলিয়ন প্রবন্ধ আছে কিন্তু ইংরেজি Wikipedia-তে 5 মিলিয়নের বেশি প্রবন্ধ আছে।"

পাতাটির ওপরে "অন্য একটি ভাষায় পড়ুন" বোতামটি প্রশিক্ষনার্থীদের **দেখান।**

# সুরক্ষা

**জিজ্ঞাসা করুন** "আপনার কাছে সুরক্ষার মানে কি?"

**প্রশিক্ষনার্থীদের কল্পনা করতে বলুন যে,** তারা বাজারের মতো **একটি সাধারণ সর্বজনীন স্থানে আছেন।** তাদেরকে এটি নিয়ে আলোচনা করতে বলুন যে, তারা এই জায়গাতে নিরাপদ থাকার জন্য কী করতে চাইবেন। তাদেরকে নীচের প্রশ্ন ও উত্তরগুলি পড়ে শোনান:

| পড়ে শোনান | সম্ভাব্য উত্তরগুলি |
|---|---|
| আপনার অপরিচিত কোন ব্যক্তি আপনাকে বিরক্ত করলে আপনি কি করবেন | আপনি তাদের এড়িয়ে চলবেন বা উপেক্ষা করবে সতর্ক থাকুন - তারা যা বলে সবসময় তারা তা নাও হতে পারে |
| আপনার পরিচিত বা বিশ্বস্ত নয় এমন কেউ আপনার ব্যক্তিগত তথ্য চাইলে আপনি কি করবেন? | যাকে আপনি চেনেন না বা ভরসা করেন না এমন কাউকে আপনার ব্যক্তিগত তথ্য দেবেন না, কারণ তারা সেগুলির অপব্যবহার করতে পারে |
| আপনার দেখা বা সম্মুখীন হওয়া কোন কিছু নিয়ে অনিশ্চিত বা অস্বচ্ছন্দ হলে আপনি কি করবেন? | আপনার চেনাজানা ও বিশ্বস্ত কাউকে বলুন কি ঘটেছে |
| আপনি যাদের সাথে পারস্পরিক ভাববিনিময় করেন, তাদের সাথে আপনি কি রকম ব্যবহার করেন | আপনি মানুষের সাথে ভদ্র ও সম্মানপূর্ণ আচরণ করেন |

**ব্যাখ্যা করুন** "এটি মনে রাখা জরুরি যে ইন্টারনেট একটি সর্বজনীন স্থান এবং এটিকে একটি সর্বজনীন স্থান হিসেবে বিবেচনা করা ও নিরাপদে থাকা গুরুত্বপূর্ণ।"

### Wikipedia-তে নিরাপত্তা

**জিজ্ঞাসা করুন** "Wikipediaব্যবহার করার সময় কোন কিছু কি আপনাকে চিন্তায় ফেলে?"


**জিজ্ঞসা করুন** "আপনি যদি Wikipedia-তে কোনো কিছুতে ক্লিক করার পরে এমন কিছু দেখেন বা খোলেন যা আপনার মতে খারাপ বা আপত্তিকর, সেক্ষেত্রে আপনি তারপরে কি করতে পারেন?"

প্রশিক্ষনার্থীদের **ব্যাখ্যা করুন** ও দেখান যে "আপনি ব্যাক বটনটি চাপতে পারেন, এবং Wikipedia-এর ভিতরে অন্যান্য লিংকগুলি ক্লিক করতে পারেন।"

# $ খরচ

**আপনি যদি পূর্ববর্তী মডিউলগুলিতে ইতোমধ্যে খরচের ব্যাপারটি আলোচনা করে থাকেন, তাহলে এটিকে শুধুমাত্র একটি পুনরাবৃত্তি হিসেবে ব্যবহার করুন।**

**ব্যাখ্যা করুন** "আপনি এখন জানেন Wikipedia কিভাবে ব্যবহার করতে হয় এবং এটি কিসের জন্য ব্যবহার করা হয়, তাহলে চলুন এবার এটি ব্যবহার করতে কত খরচ হয় তা নিয়ে কথা বলা যাক! আপনার মোবাইলে ইন্টারনেট ব্যবহার করতে হলে, আপনাকে আপনার মোবাইল নেটওয়ার্ক প্রদানকারীর কাছ থেকে ডেটা কিনতে হবে, যেভাবে আপনি ফোন ক্রেডিটের জন্য কিনে থাকেন।




## 'খরচ' পোস্টারটি দেখান

- **ব্যাখ্যা করুন** "বিভিন্ন কার্যক্রমে বিভিন্ন পরিমাণ ডেটা ব্যবহৃত হয়। টেক্সট দেখলে সবচেয়ে কম পরিমাণ ডেটা ব্যবহৃত হয়, ছবি দেখলে তার চেয়ে বেশি, গান চালালে বা ডাউনলোড করলে তার চেয়ে সামান্য বেশি এবং ভিডিও চালালে সবচেয়ে বেশি ডেটা খরচ হয়।"
- **ব্যাখ্যা করুন** "কিছু ইন্টারনেট সেবায় এমন কিছু কার্যক্রম জড়িত থাকে যেখানে বেশি ডেটা ব্যবহার হয়"
- **জিজ্ঞাসা করুন** "পোস্টারের কোথায় Wikipedia রয়েছে? এর জন্য কি রকম খরচ হতে পারে তার মানে কি?

## ডেটা যাচাই করা

- **জিজ্ঞাস করুন** যে "আপনি কি পরিমাণ ডেটা ব্যবহার করেছেন তা যাচাই করলে সহায়ক হয় কেন্ন?"
- **উত্তর:** "আপনি কতটা ডেটা ব্যবহার করেছেন এবং বিভিন্ন কার্যক্রমে কতটা খরচ হয় তা বোঝা যায়"
- **ব্যাখ্যা করুন** "আপনার কতটা ডেটা বাকি আছে তা আপনি যাচাই করতে পারেন, যেভাবে আপনি আপনার মোবাইল নেটওয়ার্ক থেকে ফোনে একটি কোড টাইপ করে যাচাই করেন আর কত মিনিট বা কত টেক্সট বাকি আছে"
- **ব্যাখ্যা করুন** "আপনি কি রকম ভাবে ইন্টারনেট ব্যবহার করবেন তার উপর ভিত্তি করে আপনি বিভিন্ন পরিমাণে ডেটা কিনতে পারেন। আপনার ক্ষেত্রে কোন পরিমাণটি সবচেয়ে উপযুক্ত হবে সে ব্যাপারে আপনার স্থানীয় মোবাইল এজেন্টের পরামর্শ নিন।
- **ব্যাখ্যা করুন** যে "আপনি যদি একটি Wi-Fi অঞ্চলে ইন্টারনেটে প্রবেশ করেন, তাহলে আপনার ডেটা প্যাকেজটি ব্যবহার হবে না। আপনার স্থানীয় মোবাইল এজেন্ট আপনাকে আপনার স্থানীয় Wi-Fi অঞ্চলগুলি খুঁজে বের করতে সহায়তা করতে পারেন। তবে সবচেয়ে কাছের অঞ্চলটিও আপনার যাওয়ার পক্ষে অনেকটা দূর হতে পারে।
- কিভাবে ডেটা যাচাই করতে হবে তা প্রশিক্ষনার্থীদের **প্রদর্শন করুন**

**পরামর্শ:** ডেটা যাচাই করার প্রক্রিয়াটি এর উপর নির্ভর করে যে, আপনি কোন দেশে আছেন এবং কোন নেটওয়ার্কে ফোনটি চালু রয়েছে। আপনার ডেটা যাচাই করা নিয়ে সহায়তার প্রয়োজন হলে একজন মোবাইল এজেন্টকে জিজ্ঞাসা করুন।।

# পুনরাবৃত্তি



## Wikipedia আইকন গেমটি খেলুন

- একবারে একটি করে, প্রতিটি Wikipedia আইকনকে **তুলে ধরুন**
- **জিজ্ঞাসা করুন** "Wikipedia-তে এটা কী করে?"
- আপনার প্রশিক্ষনার্থীদের সহায়তার প্রয়োজন হলে প্রতিটি আইকন কি তা **ব্যাখ্যা করুন।**
- সঠিক উত্তরগুলির জন্য **ছোট ছোট পুরস্কার দিন** (যেমন চকলেট) এবং আইকনগুলিকে দেয়ালে লাগিয়ে দিন, যাতে সেগুলি কি ছিল তা প্রশিক্ষনার্থীরা পরে মনে করতে পারে

**ব্যাখ্যা করুন:** আপনি হয়ত দেখবেন যে ইন্টারনেটে সন্ধান করার জন্য Google বা Yahoo-এর মতো অন্য কোনো সেবা ব্যবহার করার সময় Wikipedia দেখতে পাওয়া যায়। কোনো সন্ধানের প্রথম ফলাফলটি প্রায়ই Wikipedia হয়। কোনো বিষয়ের সংক্ষিপ্ত বর্ণনা পাওয়ার জন্য আপনি বেশির ভাগ ক্ষেত্রেই প্রথমে Wikipedia দেখতে পারেন এবং তারপরে আরো নির্ভরযোগ্য তথ্য পাওয়ার জন্য সূত্রগুলি অন্বেষণ করতে পারেন।

## Wikipediaবিষয়ে পুনরাবৃত্তি

### তারা Wikipedia ব্যবহার করা সম্পর্কে কি শিখেছেন তা নিয়ে আপনার প্রশিক্ষনার্থীদের সাথে আলোচনা করুন

- "একজন বন্ধু বা পরিবারের সদস্যের কাছে আপনি Wikipedia-কে কীভাবে বর্ণনা করবেন?"
- "Wikipedia ব্যবহার করা নিয়ে আপনার কি এখনও কোন চিন্তা রয়েছে?"
- "আপনি কী কী ব্যক্তিগত বা পেশাদার কাজে Wikipedia ব্যবহার করতে পারেন?"
- "Wikipedia-তে কোনগুলি অন্বেষণ করার ব্যাপারে আপনি সবচেয়ে বেশি উত্তেজিত?"

**পরামর্শ:** প্রশিক্ষনার্থীরা যদি নিজেদের ফোনে Wikipedia ব্যবহার করতে চান, সেক্ষেত্রে তারা যা শিখেছেন তা অভ্যাস করার জন্য তাদেরকে কিছুটা সময় দিন এবং তাদেরকে সহায়তা ও উৎসাহ দিন।

# পুনরাবৃত্তি

### পরের পর্যায়ে যাওয়া

**আপনি যদি সেশনের শেষে পৌঁছে গিয়ে থাকেন এবং আপনার অতিরিক্ত সময় থাকে:**

- **জিজ্ঞাস করুন** "আমরা এই সেশনে যা শিখেছি সে সম্পর্কে আপনার কি আর কোন প্রশ্ন আছে?"
- **জিজ্ঞাস করুন** "মোবাইল ইন্টারনেট সম্পর্কে তারা আর কি কি জানতে চাইছেন?" আপনার প্রশিক্ষনার্থীদের সাথে আরো কিছু উন্নত বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করতে পারেন, যার মধ্যে রয়েছে:
- **Wikipedia অ্যাপ ডাউনলোড করুন। ব্যাখ্যা করুন**, "আপনি অ্যাপে গিয়ে সরাসরি Wikipedia-তে সন্ধান করতে পারেন।"
- **আলোচনা করা:** কোনো অতিরিক্ত কার্যকারিতা/প্রশ্ন আছে কি, যে বিষয়ে আমরা আলোচনা করতে চাই?


# পোস্টার
# কাট-আউট
# ও তথ্যপত্র














কীভাবে ব্যবহার করতে হয়


# Wikipedia


## কীভাবে ভাষা পরিবর্তন করতে হয়



কীভাবে ব্যবহার করতে হয়

# Wikipedia





# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত



# সার্টিফিকেট

মোবাইল ইন্টারনেটের মৌলিক দক্ষতা
প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন

তারিখ

স্বাক্ষরিত